# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৩৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মুসলিমদের রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু সরিয়ে ফেলে তার জন্য ক্ষমার আশা

ذِكْرُ رَجَاءِ الْغُفْرَانِ لِمَنْ نحَّى الْأَذَى عَنْ طريق المسلمين

---

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ سُمَيٍّ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: قَالَ: (بَيْنَمَا رَجُلٌ يَمْشِي بِطَرِيقٍ وَجَدَ غُصْنَ شَوْكٍ عَلَى الطَّرِيقِ فَأَخَذَهُ فَشَكَرَ اللَّهُ له فغفر له.)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 537 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৩৭. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “এক ব্যক্তি রাস্তা দিয়ে যাচ্ছিলেন, অতঃপর তিনি রাস্তায় একটি কাঁটার ডাল দেখতে পেলেন ফলে তিনি সেটি তুলে নিলেন। মহান আল্লাহ তার এই কাজ কবুল করেন এবং তাকে ক্ষমা করে দেন।”[1]

قَالَ أَبُو حَاتِمٍ: اللَّهُ جَلَّ وَعَلَا أجلُّ من أن يَشْكُرَ عبيدَهُ إذ هو البادىء بالإحسان إليهم والمتفضل بإتمامها عليهم ولكن رضى اللَّهِ جَلَّ وَعَلَا ـ بِعَمَلِ الْعَبْدِ ـ عَنْهُ يَكُونُ شُكْرًا مِنَ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى ذَلِكَ الفعل.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা‘আলা বান্দার কর্মের শুকরিয়া আদায় করা থেকে অনেক উর্দ্ধে। কেননা শুকরিয়া কারো প্রতি সদাচারণ ও অনুগ্রহ করার পরিপেক্ষিতে হয়ে থাকে। তবে বান্দার কোন কাজের প্রতি আল্লাহর সন্তুষ্টিই হলো ঐ কর্মের প্রতি আল্লাহর শুকরিয়া।”

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৩১; মুসনাদ আহমাদ: ২/৫৩৩; সহীহ আল বুখারী: ৬৫২; সহীহ মুসলিম: ১৯১৪;

ইবনু মাজাহ: ৩৬৮২; হুমাইদী: ১১৩৪।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৫৩৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89001

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন